গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫-১৫২ তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৫ / ১০ মার্চ ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪/১২/২০১০ তারিখের রায় বাস্তবায়নের আলোকে শরিফপুর দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ সক্রান্ত।

সূত্র: শরিফপুর দাখিল মাদ্রাসা, জামালপুর সদর, জামালপুর এর সুপার কর্তৃক গত ০১.০১.১৯ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন শরিফপুর দাখিল মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক যথাক্রমে গত ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক এবং ৩১.০৫.২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে নতুন এমপিও প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট, জনাব মুহাম্মদ ওমর ফারুক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলা দায়ের করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১৪/১২/২০১০ তারিখে নিম্নোক্ত রায়/নির্দেশনা প্রদান করা হয়:
"The respondetns are hereby directed to enlist the name of the respective College and Madrasha in the list of MPO (government portion of salary) provided they fulfill the requirements as provided in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010 within a period of 90 days from date of receipt of the copy of this judgment and order.

০৩। উক্ত রায়ের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিকার না পাওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ২০৮/২০১১ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। অত:পর রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪/১২/২০১০ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২০৩১/২০১১ মামলা দায়ের করা হলে মহামান্য আপিল আদালত কর্তৃক বিগত ১৭/১১/২০১৩ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 254 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the leave petition is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

০৪। উক্ত আপিল মামলার রায়ের আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২২.০৫.২০১৪ তারিখে শিম/শা-১৩/বিবিধ/৪-৩/মামলা/২০১৩/১২১ সংখ্যক স্মারকমূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়: তদপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক মার্চ/২০১৫ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়।

০৫। উক্ত রিট মামলার রায়ের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মে/২০১০ মাস হতে বকেয়া বেতন-ভাতাদি প্রদানের জন্য সূত্রমূলে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪/১২/২০১০ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-২০৩১/২০১১ মামলায় বিগত ১৭/১১/২০১৩ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই।

০৬। আরো উল্লেখ্য, বর্ণিত মামলার পিটিশনার (জনাব মুহাম্মদ ওমর ফারুক) কর্তৃক মে/২০১০ হতে এপ্রিল/২০১৫ পর্যন্ত বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা (এমপিও) প্রদানের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১০৮২/২০১৫ মামলা দায়ের করা হয়। উক্ত মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলায় গত ১৪.১২.২০১০ তারিখের রায়/আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা না থাকায় এবং রিট পিটিশন নং-১১০৮২/২০১৫ বিচারাধীন থাকায় বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া (মে/২০১০ হতে ফেব্রুয়ারি/২০১৫) বেতন-ভাতা (এমপিও) প্রদানের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

জনাব মোহাম্মদ ওমর ফারুক
সুপারিনটেনডেন্ট
শরিফপুর দাখিল মাদ্রাসা
ডাক-শরিফপুর, উপজেলা-সদর, জেলা-জামালপুর।

অনুলিপি জ্ঞাতার্থে:

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩ , ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।